ন্যায় ও ইনসাফভিত্তিক বাংলাদেশ গড়তে হলে ইসলামী হুকুমত প্রতিষ্ঠা জরুরি

“ইনসাফ ও ন্যায়ভিত্তিক বাংলাদেশ গড়তে হলে ইসলামী হুকুমতের কোনো বিকল্প নেই” মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা রফিকুল ইসলাম খান।

তিনি বলেন, “জামায়াতের প্রতিটি জনশক্তিকে মাঠপর্যায়ে সক্রিয়ভাবে কাজ করতে হবে এবং ইসলামী চিন্তাধারাকে সাধারণ মানুষের মাঝে ছড়িয়ে দিতে হবে।”

শনিবার মেহেরপুর জেলা জামায়াতের আয়োজনে পৌর কমিউনিটি সেন্টারে দিনব্যাপী রোকন শিক্ষাশিবিরে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর-১ আসনের জামায়াত মনোনীত সংসদ সদস্য প্রার্থী ও জেলা আমীর মাওলানা তাজউদ্দীন খান। শিবির পরিচালনা করেন জেলা তারবিয়াত সেক্রেটারি মাওলানা রফিকুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কর্মপরিষদের সদস্য অধ্যাপক নজরুল ইসলাম, যশোর-কুষ্টিয়া অঞ্চল টিমের সদস্য ডা. আলমগীর বিশ্বাস, কুষ্টিয়া জেলা আমীর অধ্যাপক মাওলানা আবুল কাশেম ও জেলা কর্মপরিষদের সদস্য মাওলানা আব্দুল মজিদ।

এছাড়াও উপস্থিত ছিলেন জেলা নায়েবে আমীর মাওলানা মহাবুব উল আলম, জেলা সেক্রেটারি মো. ইকবাল হুসাইন, বায়তুলমাল সেক্রেটারি জারজিস হুসাইন, রাজনৈতিক সেক্রেটারি মাওলানা রুহুল আমিন, দাওয়াহ বিভাগীয় সেক্রেটারি মাওলানা সোহেল রানা, প্রচার সেক্রেটারি খাইরুল বাসার, যুব বিভাগীয় সেক্রেটারি সোহেল রানা ডলার এবং শ্রমিক কল্যাণ ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল।

শিবিরে রোকনদের মাঝে আদর্শিক, রাজনৈতিক ও সাংগঠনিক বিষয়ে নানা দিকনির্দেশনামূলক আলোচনা অনুষ্ঠিত হয়। দিনব্যাপী এ কর্মসূচিতে জেলার বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ ও রোকনগণ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন।

মেহেরপুর বসুন্ধরা শুভসংঘের সভাপতি রফিকুল, সম্পাদক নাফিউল

কলেজ শিক্ষক এস এম রফিকুল আলম বকুলকে সভাপতি ও তরুণ সংগঠক মো. নাফিউল ইসলামকে সাধারণ সম্পাদক করে ২৩ সদস্যবিশিষ্ট বসুন্ধরা শুভসংঘের মেহেরপুর জেলা শাখা কমিটি গঠন করা হয়েছে।

বসুন্ধরা শুভসংঘের পরিচালক জাকারিয়া জামান গত সোমবার মেহেরপুর জেলা শাখার নতুন কমিটি এক বছরের জন্য অনুমোদন করেন।

কমিটির অন্য সদস্যরা হলেন-সহসভাপতি আক্তারুজ্জামান হীরা, ফিরোজ আহমেদ পলাশ, যুগ্ম সাধারণ সম্পাদক তানজিমুল ইসলাম, সাজিদ ইসলাম ইন্নাল, সাংগঠনিক সম্পাদক মো. অনিক হাসান, দপ্তর সম্পাদক মো. নিজাম উদ্দিন, প্রচার ও প্রকাশনা সম্পাদক মো. নাসিম হাসান, কর্মপরিকল্পনা সম্পাদক মোছা. খাদিজা বেগম, অর্থ সম্পাদক মাসুম সুলতানা রানি, নারী ও শিশু সম্পাদক তামান্না তানভির, সাহিত্য ও সাংস্কৃতি সম্পাদক উলমাতুন নেছা পূর্নিমা, শিক্ষা ও পাঠচক্র সম্পাদক মোছা. সামসুন্নাহার, ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা সম্পাদক মো. মাসুদুর রহমান, ক্রীড়া সম্পাদক আলকামা সিদ্দিকী তারিফ, স্বাস্থ্য ও মানব সম্পদ সম্পাদক আবদুল্লাহ আল নোমান, কার্যকরী সদস্য আসমাউল হুসনা, মো. রাকিব, সুরাইয়া আকতার হ্যাপি, মোছা. লামইয়া, মো. আলিফ খান ও মো. লিখন আলী।

এছাড়া চার জনকে উপদেষ্টা করা হয়েছে। তারা হলেন কালের কণ্ঠের মেহেরপুর প্রতিনিধি ও মেহেরপুর প্রতিদিনের সম্পাদক
ইয়াদুল মোমিন, সাবেক শিক্ষক নুরুল আহমেদ, আবু নাসের চৌধুরী ও মো. জিল্লুর রহমান।

উল্লেখ্য, বসুন্ধরা শুভসংঘ প্রতিষ্ঠার পর থেকে সারাদেশে বিভিন্ন জনকল্যাণমূলক কাজ করে আসছে। মেহেরপুরেও কৃতি শিক্ষার্থী, দুস্থদের সহায়তা, কম্বল বিতরণ, দুস্থ শিক্ষাথীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ, ভাষা দিবস উপলক্ষ্যে দেয়াল লিখন, বৃক্ষরোপণ ও বিতরণসহ বিভিন্ন কল্যাণমূলক কর্মকাণ্ড পরিচালনা করেছে বসুন্ধরা শুভসংঘ।